



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/13/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল লং আইল্যান্ড পাওয়ার অথরিটি বোর্ড অভ ট্রাস্টিতে নিয়োগের ঘোষণা দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ লং আইল্যান্ড পাওয়ার অথরিটি বোর্ড অব ট্রাস্টি (Long Island Power Authority Board of Trustees)-তে নিয়োগের ঘোষণা দিয়েছেন।

“লং আইল্যান্ড পাওয়ার অথরিটি বোর্ড অব ট্রাস্টিতে সর্বশেষ নিয়োগের ঘোষণা দিতে পেরে আমি গর্বিত, এমন একটি গ্রুপ যা বোর্ডে অনন্য জ্ঞান ও দক্ষতা নিয়ে আসবে বলে আমি আত্মবিশ্বাসী,” **গভর্নর হোকল বলেন।** “লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority, LIPA) লং আইল্যান্ডবাসীদের জন্য একটি পরিচ্ছন্ন, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের বৈদ্যুতিক গ্রিড এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং এই নিয়োগগুলো ভবিষ্যত প্রজন্মের জন্য নিউ ইয়র্ককে কিভাবে শক্তি দেয় তা পরিবর্তন করতে সহায়তা করবে। বিদায়ী বোর্ড সদস্যদের সেবার জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।”

গভর্নরের নিয়োগগুলো নিম্নরূপ:

ট্রেসি এডওয়ার্ডস কে LIPA বোর্ডের চেয়ারম্যান নিযুক্ত করা হয়। এডওয়ার্ডস লাস ভেগাস স্যান্ডস কর্পোরেশন (Las Vegas Sands Corporation)-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি অফিসার। একই সাথে, এডওয়ার্ডস ট্রেসি এডওয়ার্ডস কনসাল্টিং রিসোর্সেস (Tracey Edwards Consulting Resources)-এর পরামর্শক, ট্রান্সপোর্টেশন সেফটি প্ল্যানিং অ্যান্ড সলিউশনস গ্রুপ (Transportation Safety Planning and Solutions Group, TSPSG)-এর ব্যবস্থাপনা পরিচালক এবং লং আইল্যান্ড NAACP-এর আঞ্চলিক পরিচালক। এর আগে, এডওয়ার্ডস 2019 থেকে 2023 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (New York Public Service Commission)-এ নিউ ইয়র্ক পাবলিক সার্ভিস কমিশন কমিশনার ছিলেন।

ডেভিড “ডেভ” জে. ম্যানিং হলেন ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবরেটরি (Brookhaven National Laboratory)-এর স্টেকহোল্ডার রিলেশনস অ্যান্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স (Stakeholder Relations and External Affairs)-এর পরিচালক, যে পদটি তারা 2015 সালে শুরু করেছিলেন। ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবরেটরির আগে ম্যানিং 2013 থেকে 2014 সাল পর্যন্ত কানাডার আলবার্টা সরকারের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে প্রতিনিধি এবং 2011 থেকে 2023 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট স্মার্ট গ্রিড কনসোর্টিয়াম (New York State Smart Grid Consortium)-এর নির্বাহী

পরিচালক ছিলেন। ম্যানিং আলবার্টা বিশ্ববিদ্যালয় (University of Alberta) থেকে আইনে ব্যাচেলর অব আর্টস (Bachelor of Arts, B.A.)/আইনে স্নাতক (Bachelor of Laws, LLB) ডিগ্রি অর্জন করেন।

ক্লডিয়া পি. লোভাস আমেরিকান ফ্যামিলি ইন্স্যুরেন্স (American Family Insurance)-এর ক্লডিয়া পি লোভাস অ্যান্ড অ্যাসোসিয়েটসের ম্যানেজিং অ্যাটর্নি, এই পদটি তারা 2021 সালে শুরু করেছিলেন। এর আগে, লোভাস 2010 থেকে 2021 পর্যন্ত গাইডওয়ান ইন্স্যুরেন্স কোম্পানি (GuideOne Insurance Company)-এর লোভাস ও নাকভির আইন অফিসে আঞ্চলিক ব্যবস্থাপনা অ্যাটর্নি ছিলেন। লোভাস 2008 থেকে 2010 সাল পর্যন্ত ল'আব্বাতে, বলকান, কোলাভিটা ও কন্টিনি এল.এল.পি (L'Abbate, Balkan, Colavita & Contini L.L.P.)-তে একজন সহযোগী ছিলেন। 2003 থেকে 2007 সাল পর্যন্ত লোভাস জাওয়াকি, এভারেট ও গ্রে (Zawacki, Everett and Gray)-তে একজন সহযোগী ছিলেন। লোভাস 2001 থেকে 2003 সাল পর্যন্ত জিই ফাইন্যান্সিয়াল অ্যাসুরেন্স (GE Financial Assurance)-এ একজন সহযোগী ছিলেন। 2000 থেকে 2001 সাল পর্যন্ত লোভাস ব্র্যান্ড, ব্র্যান্ড ও বার্ক (Brand, Brand and Burke)-এ একজন সহযোগী ছিলেন। এর আগে, লোভাস লোভাস ও হার্টম্যানের আইন অফিস (Law Offices of Lovas and Hartman)-এর সহ-প্রতিষ্ঠাতা ছিলেন।

LIPA বোর্ডের চেয়ারম্যান ট্রেসি এডওয়ার্ডস বলেন, "আমি LIPA বোর্ডের চেয়ারম্যান নিযুক্ত হতে পেরে সম্মানিত বোধ করছি এবং আমরা নবায়নযোগ্য শক্তি গ্রিডে রূপান্তরিত হওয়ার সাথে সাথে নিউ ইয়র্কবাসীর সেবা প্রদান করা চালিয়ে যাচ্ছি। একটি পরিচ্ছন্ন জ্বালানি ভবিষ্যত গড়ে তোলার জন্য স্টেটের অঙ্গীকার থেকে লং আইল্যান্ডের সকল বাসিন্দা উপকৃত হয় তা নিশ্চিত করতে আমি সকল বোর্ড সদস্যদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

লরিন হ্যারিস ও শেলডন এল. কোহেন বোর্ডে দায়িত্ব পালন চালিয়ে যাবেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)